

## দীর্ঘতার শেষে অর্ণব চক্রবর্তী

সূর্য এখন খর —  
ক্ষয়া ছায়া পায়ের নীচে  
বাতাসে পচা লাশের গন্ধ  
দুপায়ে মাড়িয়ে যাওয়া  
দিনে বহুবার আত্মকে।

রক্ষতার স্তবে চরাচর মগ্ন  
হঠাৎ এফ এমে ভাসা রবীন্দ্রনাথ...  
শুদ্ধতার ভৈরবী ছুঁয়ে যাক  
পোড়া সব হৃদয়কে।